



ইয়েমেনে প্রেসিডেন্টের প্রাসাদে হত্যাদের হামলা, নিহত ৫



ছবি: সংগৃহীত

ইয়েমেনের বন্দরনগরী এডেনে প্রেসিডেন্টের প্রাসাদ লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ১৬ জন।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা জানায়, বৃহস্পতিবার (১৫ অক্টোবর) আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও সৌদি আরব-সমর্থিত ইয়েমেন সরকারের সদর দপ্তর হিসেবে ব্যবহৃত আল-মাশিক প্রাসাদে পাঁচটি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে ইরান-সমর্থিত হুতি বিদ্রোহীরা। ইয়েমেনের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে হতাহতের এ তথ্য জানানো হয়।

হামলার পর ইয়েমেন সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভার সদস্যরা নিরাপদে আছেন। তবে প্রাসাদে হামলার ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি।

হুতিরা হামলার দায় স্বীকার করেছে। অন্যদিকে, সৌদি আরব এ ঘটনাকে ‘পূর্ণাঙ্গ যুদ্ধাপরাধ’ বলে অভিহিত করেছে।

এদিকে, মারিভ প্রদেশের বিভিন্ন স্থানে নয়টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রসহ রকেট ও ড্রোন হামলা চালিয়েছে হুতিরা। এর জবাবে তাইজ শহরে হুতি যোদ্ধাদের অবস্থান লক্ষ্য করে দুই দফা বিমান হামলা চালিয়েছে ইয়েমেনের সরকারি বাহিনী।

ইয়েমেনে দীর্ঘদিন ধরে চলা গৃহযুদ্ধে হুতিরা রাজধানী সানা সহ দেশটির উত্তরাঞ্চলের বিস্তীর্ণ এলাকা নিয়ন্ত্রণ করছে। রাজধানী থেকে হুতিদের হাতে নিয়ন্ত্রণ হারানোর পর আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকার এডেন থেকে কার্যক্রম পরিচালনা করছে। সৌদি আরব এই সরকারকে সমর্থন দিয়ে আসছে।